

বিজ্ঞপ্তি

নম্বর : ৫৪০

তারিখঃ ১১/১১/২০১৯

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ১১/১১/২০১৯ তারিখ হতে ২১/১১/২০১৯ তারিখ পর্যন্ত (www.nu.edu.bd/admissions) এ প্রবেশ করে আবেদন ফরম অনলাইনে পূরণ সাপেক্ষে প্রিন্ট কপি নিতে হবে। কলেজ জনতা ব্যাংক বুথ শাখায় সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ৩.০০ মিনিট পর্যন্ত আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা দিয়ে পূরণকৃত আবেদন ফরমের প্রিন্ট কপি (শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ১০.০০ টা হতে দুপুর ৩.০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্লাগু শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্লাগু কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্লাগু এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্লাগু শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) পথে গ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্ব স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঘ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

০২। এই কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অধিভুক্ত বিষয় ও বিষয় কোড সমূহ

| কোর্সের নাম | বিষয় |
|--------------------|--|
| মাস্টার্স শেষ বর্ষ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামি শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও গণিত |

০৩। অনলাইনে আবেদন প্রিন্ট কপির সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে।

ক) অনার্স কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি ০১ কপি।

খ) অনার্স কোর্সের নম্বর/ফলাফল সীটের সত্যায়িত ফটোকপি ০১ কপি।

গ) আবেদন ফরমে মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে।

ঘ) আবেদন ফরমের সাথে ৩০০/- (তিনশত) টাকার ফি প্রদানের মূল রশিদ।

নম্বর :


অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

০১। উপাধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর।

০২। আহবায়ক, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রাম ভর্তি কমিটি, এই কলেজ।

০৩। ম্যানেজার, জনতা ব্যাংক, লালবাগ বাজার শাখা, রংপুর।

০৪। অফিস কপি।


অধ্যক্ষ ১১.১১.১৯

(প্রফেসর ড. শেখ আনোয়ার হোসেন-৯০২)
কারমাইকেল কলেজ, রংপুর।
অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর
তারিখঃ


অধ্যক্ষ ১১.১১.১৯

কারমাইকেল কলেজ, রংপুর।

(প্রফেসর ড. শেখ আনোয়ার হোসেন-৯০২)
অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর